

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬৯.১৯-৪৪

তারিখঃ ০৫ মাঘ ১৪২৬ ব.
১৯ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১৩৩০৫/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।
সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১৩৩০৫/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১৩৩০৫/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
১৩৩০৫/২০১৯	খান মোঃ গোলাম মোর্শেদ, পিতা-মোঃ আব্দুল খালেক, গ্রাম ও ডাকঘর-সুবিল, উপজেলা-দেবীদ্বার, জেলা-কুমিল্লাসহ মোট ০২ জন।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়, সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, চেয়ারম্যান, বাকাশিবো, ডিজি, ডিটিই ও আরো অন্যান্যসহ মোট ০৬ (ছয়) জন।	নার্সিংয়ে ডিপ্লোমা ডিগ্রি অর্জন নিম্নমানের হওয়ায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮ এর 1(J) এবং 4(A) এর সিডিউল (1) অনুযায়ী ভর্তির যোগ্যতা, পাঠ্যক্রমের সময়কাল, ল্যাব এবং ব্যবহারিক প্রশিক্ষণের ক্ষেত্রে নার্সিং শিক্ষার পাঠ্যক্রমের স্ট্যান্ডার্ড / সিলেবাস / পাঠ্যক্রমের ক্ষেত্রে মাধ্যমিক সনদের সমমান সম্পন্ন সিলেবাস/ কারিকুলাম প্রনয়ণপূর্বক ডিপ্লোমা-ইন-মেডিকেল-ইন-নার্সিং শিক্ষা কারিকুলাম প্রচলনের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার খান মোঃ গোলাম মোর্শেদ কর্তৃক মহামায়া হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৩৩০৫/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ২৬/১১/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮ এর 1(J) এবং 4(A) এর সিডিউল (1) অনুযায়ী ভর্তির যোগ্যতা, পাঠ্যক্রমের সময়কাল, ল্যাব এবং ব্যবহারিক প্রশিক্ষণের ক্ষেত্রে নার্সিং শিক্ষার পাঠ্যক্রমের স্ট্যান্ডার্ড / সিলেবাস / পাঠ্যক্রমের ক্ষেত্রে মাধ্যমিক সনদের সমমান সম্পন্ন সিলেবাস/ কারিকুলাম প্রনয়ণপূর্বক ডিপ্লোমা-ইন-মেডিকেল-ইন-নার্সিং শিক্ষা কারিকুলাম প্রচলন না করা কেন বেআইনী ঘোষণা করা হবে না; এবং নার্সিং শিক্ষার পাঠ্যক্রমের স্ট্যান্ডার্ড / সিলেবাস / পাঠ্যক্রমের ক্ষেত্রে মাধ্যমিক সনদের সমমান সম্পন্ন সিলেবাস/ কারিকুলাম প্রনয়ণপূর্বক ডিপ্লোমা-ইন-মেডিকেল-ইন-নার্সিং শিক্ষা কারিকুলাম প্রচলন করার জন্য কেন নির্দেশনা প্রদান করা হবে না; সে মর্মে ২৪/১২/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। রিট পিটিশন মামলা উদ্ভব হওয়ার বিষয়টি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট বিধায় আলোচ্য মামলার বিষয়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সরকার পক্ষে জবাব দাখিলসহ মামলায় প্রতিদ্বন্দ্বিতা করার ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৩৩০৫/২০১৯ মামলায় মহামায়া হাইকোর্ট কর্তৃক ২৬/১১/২০১৯ তারিখে প্রদত্ত আদেশ অনুযায়ী সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরিভিত্তিতে সরকার পক্ষে মহামায়া হাইকোর্টে জবাব দাখিলক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ০৫/০২/২০২০ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা) ২/০২/২০২০
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।